ভোরের কাগজ

তারিখ ... ... OCT. 13 1999
পৃষ্ঠা: ... কলাম ...

# মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন

**ভ্রাম্যমাণ প্রতিনিধি :** প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, একবিংশ শতাব্দীতে বিজ্ঞান ও প্রযুক্তি জ্ঞানই উন্নয়নক্ষেত্রে নিয়ামকের ভূমিকা পালন করবে। একবিংশ শতাব্দীর চ্যালেঞ্জ মোকাবিলা করে বিশ্বের সঙ্গে তাল মেলাতে হলে বিজ্ঞান ও প্রযুক্তি জ্ঞান ব্যাপকভাবে আয়ত্ত করতে হবে। এ জন্য বর্তমান সরকার বিজ্ঞান ও প্রযুক্তি খাতকে সর্বোচ্চ অগ্রাধিকার দিয়েছে। গতকাল সকালে টাঙ্গাইলের সন্তোষে 'মওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়'-এর ভিত্তিপ্রস্তর স্থাপনকালে তিনি এ কথা বলেন।

দেশের তৃতীয় বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন শিক্ষামন্ত্রী এ এস এইচ কে সাদেক, প্রধানমন্ত্রীর মুক্তিযুদ্ধবিষয়ক উপদেষ্টা খন্দকার আসাদুজ্জামান, পররাষ্ট্র প্রতিমন্ত্রী আবুল হাসান চৌধুরী, সাংসদ আবদুল মান্নান। স্বাগত বক্তব্য রাখেন শিক্ষা সচিব কাজী রকিবউদ্দিন আহমেদ।

ভিত্তিপ্রস্তার স্থাপন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী বলেন, পত্রপত্রিকায় বিভ্রান্তি ছড়ানো হচ্ছে। কিন্তু ভাসানী প্রতিষ্ঠিত ইসলামী বিশ্ববিদ্যালয়ের কার্যক্রম অব্যাহত থাকবে। এখানে আলাদা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় করা হচ্ছে। ভাসানীও বিজ্ঞান শিক্ষাকে প্রাধান্য দিয়েছিলেন। প্রধানমন্ত্রী বলেন, ভাসানীর দর্শন ছিল জাতি-ধর্ম-নির্বিশেষে সকলের জন্যই ইসলামী বিশ্ববিদ্যালয়। শিক্ষার কোনো শাখাই ইসলাম বহির্ভূত নয়। যারা বিভ্রান্তি ছড়াচ্ছে তাদের ভাসানীর দর্শন পড়ার পরামর্শ দেন তিনি।